

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৫১(আগরতলা, ২০।০২)

ধর্মনগর, ২০ ফেব্রুয়ারি, ২০১৯

উত্তর জেলাভিত্তিক কিশাণ মেলাৰ সমাপ্তি

ধর্মনগর মহকুমার কদমতলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে আয়োজিত তিনদিন ব্যাপী উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক কিশাণ মেলা ও প্রদর্শনী ১৮ ফেব্রুয়ারি শেষ হয়েছে। কৃষি প্রযুক্তি ব্যবস্থাপনা সংস্থার উদ্যোগে আয়োজিত কিশাণ মেলা ও প্রদর্শনীতে বিভিন্ন দপ্তরের ১৫টি স্টল, স্ব-সহায়ক দলের স্টল, নার্সারী সহ বিভিন্ন সংস্থার ৩৩টি স্টল খোলা হয়েছিল। কিশাণ মেলা ও প্রদর্শনীতে সু-সংহত কৃষি ব্যবস্থাপনা, ২০২২ সালের মধ্যে কৃষকদের আয় দ্বিগুণ করার উপর কৃষি, উদ্যান, মৎস্য ও প্রাণী সম্পদ পালনের উপর সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ আলোচনা করেন। সমাপ্তি দিনে প্রদর্শনীতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী সহ বিশেষ স্থানাধিকারীদের পুরস্কৃত করা হয়। সমাপ্তি অনুষ্ঠানে শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায় কিশাণ মেলা ও প্রদর্শনীর গুরুত্ব তোলে ধরেন। সকলের সার্বিক সহযোগিতায় তিনদিনের মেলা ও প্রদর্শনী সফল হওয়ায় তিনি সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। মেলা ও প্রদর্শনীতে লক্ষ্মীনগর ফার্মার কো-অপারেটিভ সোসাইটি এবং ব্রজেন্দ্র নগর ফার্মার কো-অপারেটিভ সোসাইটির হাতে ৩টি করে ৬টি পাওয়ারটিলার, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি তুলে দেওয়া হয়। সমাপ্তি অনুষ্ঠানে সমাজসেবী সুব্রত দেব ও কদমতলা কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক সুরজিৎ রায় উপস্থিত ছিলেন।
